# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
www.bmeb.gov.bd

স্মারক নম্বর -বামাশিবো/প্রশা/ময়মনসিংহ-৬৮/১৬২ তারিখ: ২২ আশ্বিন ১৪৩২ / ০৭ অক্টোবর ২০২৫

বিষয় : অভিযোগের বিষয়ে উচ্চতর তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে

সূত্র : ১। স্মারক নং বামাশিবো/প্রশা/২২৪২৫১১১৩২৮১/১০৭৯১২/নথি নং -৬৮ তারিখ: ২৪-০৬-২০২৫ খ্রিঃ;
২। বোর্ডের ই-ফাইল আবেদন আইডি নং ২৩৩২৫১১১৩২৮১ তারিখ ১৭-০৮-২০২৫ খ্রিঃ;
৩। স্মারক নম্বর ০৫.৪৫.৬১১৩.০০১.৪২.০০৪.২৩.৭০৮ তারিখ: ২৪.০৭.২০২৫ইং;
৪। স্মারক নম্বর - বামাশিবো/প্রশা/ময়মনসিংহ-৬৮/৯৪ তারিখ: ২৭.০৮.২০২৫ইং;

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ময়মনসিংহ জেলার ভালুকা উপজেলাধীন সোয়াইল দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি সূত্রোক্ত ১নং স্মারক পত্রে অনুমোদন দেওয়া হয়। উক্ত ম্যানেজিং কমিটি গোপনে জাল-জালিয়াতি ও অনিয়মের মাধ্যমে গঠন করা হয়েছে মর্মে জনাব আকতার হোসেন খান কর্তৃক সূত্রোক্ত ২নং স্মারকে অভিযোগ দাখিল করা হয়। অভিযোগ সংক্রান্ত কাগজপত্র যাচাই করে দেখা যায় অভিযোগকারী একই বিষয়ে ইতোমধ্যে উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা, ময়মনসিংহ এর নিকট অভিযোগ দাখিল করেন। অভিযোগের আলোকে উপজেলা নির্বাহী অফিসার সরেজমিনে তদন্ত পূর্বক সূত্রোক্ত ৩নং স্মারক পত্রে প্রতিবেদন প্রেরণ করেছেন। তদন্ত প্রতিবেদনে উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা, ময়মনসিংহ উল্লেখ করেন "নির্বাচনের বিষয়টি সুপার সাহেব কিছুটা গোপনীয়তার সাথে করেছেন এবং নির্বাচনের পুরা প্রক্রিয়াটি সঠিকভাবে সম্পন্ন হয়েছে মর্মে সন্দেহাতীতভাবে প্রমাণিত হয় নাই।" তদন্ত প্রতিবেদনের আলোকে অভিযোগের বিষয়ে মাদ্রাসা প্রধান ও কমিটির সভাপতিকে সূত্রোক্ত ৪নং স্মারকে কারণ দর্শানো পত্র দেওয়া হয়। কারণ দর্শানো পত্রের আলোকে মাদ্রাসা প্রধান জবাব দাখিল করেছেন।

জবাবে উল্লেখ করা হয়েছে খসড়া ভোটার তালিকা অনুমোদনসহ বিধি মোতাবেক নির্বাচনী কার্যক্রম সম্পন্ন পূর্বক প্রিজাইডিং অফিসারের সভাপতিত্বে তাঁর কার্যালয়ে সভাপতি নির্বাচন করা হয়। অভিযোগকারী জনাব আকতার হোসেন গং মাদ্রাসার অফিসে এসে মাদ্রাসা প্রধানকে অশ্লীল ভাষায় গালমন্দ করাসহ কিল ঘুষি দিয়ে লাঞ্চিত করে মাদ্রাসা প্রধানের ব্যক্তিগত মোবাইল ফোন ছিনিয়ে নেন। উক্ত বিষয়ে ভালুকা মডেল থানায় অভিযোগ দায়ের করলে থানা কর্তৃপক্ষ মোবাইল ফোনটি উদ্ধার করে মাদ্রাসা প্রধানকে ফেরত দেন। অভিযোগকারীর স্বীয় হীন স্বার্থ চরিতার্থ করার জন্য স্থানীয় প্রশাসনকে ভুল বুঝিয়ে আংশিক প্রতিবেদন নেন এবং অভিযোগ বিষয়ে স্থানীয় প্রশাসন মাদ্রাসা প্রধানের কোন বক্তব্য গ্রহণ করেননি মর্মে উল্লেখ করেন। অভিযোগটি সম্পূর্ণ মিথ্যা ও ভিত্তিহীন দাবিকরে অভিযোগ থেকে অব্যাহতির জন্য জবাবে মাদ্রাসা প্রধান আবেদন করেছেন।

এমতাবস্থায় অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে সরেজমিনে উচ্চতর তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, ম্যানেজিং কমিটি নির্বাচনে নিয়োগপ্রাপ্ত প্রিজাইডিং অফিসারকে(প্রযোজ্য ক্ষেত্রে) তদন্ত কর্মকর্তা হিসাবে অন্তর্ভুক্ত না করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক (০৬) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

৭.১০.২৫

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোনঃ ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

জেলা প্রশাসক
ময়মনসিংহ।

০৭.১০.২৫

স্মারক নম্বর -বামাশিবো/প্রশা/ময়মনসিংহ-৬৮/১৬২ তারিখ: ২২ আশ্বিন ১৪৩২ / ০৭ অক্টোবর ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা, ময়মনসিংহ;
২. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভালুকা, ময়মনসিংহ;
৪. আকতার হোসেন খান(অভিযোগকারী), গ্রাম: সোয়াইল, পো: বনকোয়া, ভালুকা, ময়মনসিংহ;
৫. সুপার/ভারপ্রাপ্ত সুপার/সভাপতি, ম্যানেজিং কমিটি, সোয়াইল দাখিল মাদ্রাসা, ভালুকা, ময়মনসিংহ;
৬. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৭. পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. অফিস কপি।

০৭.১০.২৫

মোঃ আব্দুর রশিদ
উপ রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

D:\Admin - Committee\Belayet\Inquiry.docx